



সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন SECURITIES AND EXCHANGE COMMISSION

JIBAN BIMA TOWER (14,15,16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH

সূত্র নং- এসইসি/মুখপত্র/২০১১/৩০১

তারিখঃ ১৩/০৩/২০১২ইং

প্রেস বিজ্ঞপ্তি

৪২৪ তম কমিশন সভা অদ্য ১৩/০৩/২০১২ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১। সভায় কমিশন সেন্ট্রাল ইনস্যুরেন্স কোম্পানী লিঃ এর রাইট শেয়ার (১R : ২ অনুপাতে অর্থাৎ বিদ্যমান ২টি শেয়ারের বিপরীতে ১টি রাইট শেয়ার) অনুমোদন করেছে। এই রাইট শেয়ারের মাধ্যমে সেন্ট্রাল ইনস্যুরেন্স কোম্পানী লিঃ কে কমিশন ১,১২,৩৩,৫৮০টি সাধারণ শেয়ার প্রতিটি ১৫ টাকা (অর্থাৎ প্রতি শেয়ারে ৫টাকা প্রিমিয়াম সহ) মূল্যে বাজারে ছেড়ে পুঁজি উত্তোলনের অনুমতি প্রদান করেছে। এর মাধ্যমে কোম্পানিটি ১৬,৮৫,০৩,৭০০.০০ (ষোল কোটি পঁচাশি লক্ষ তিন হাজার সাত শত) টাকা পুঁজিবাজার থেকে উত্তোলন করে পরিশোধিত মূলধন বৃদ্ধির মাধ্যমে আর্থিক ভিত্তি মজবুত করে Insurance Act 2010 এর শর্ত পরিপালন করবে। এই রাইট ইস্যুর জন্য ইস্যু ম্যানেজার হিসেবে BMSL Investment Ltd. কাজ করছে।

২। আজকের সভায় কমিশন এমটিবি ইউনিট ফান্ড নামক একটি বেমেয়াদী (Open-end) মিউচুয়াল ফান্ড এর প্রসপেক্টাস অনুমোদন করেছে। এই মিউচুয়াল ফান্ডের আকার হচ্ছে ১০০ কোটি টাকা যা ১০ কোটি ইউনিটে বিভক্ত। এই মিউচুয়াল ফান্ডের অভিহিত মূল্য ১০ টাকা, স্পন্সর এর চাঁদার অংশ হচ্ছে ২০ কোটি টাকা, ইনভেস্টর প্রেসমেন্ট হচ্ছে ০.০৬৬ কোটি টাকা এবং সাধারণ বিনিয়োগকারীদের জন্য ৭৯.৯৩ কোটি টাকার ইউনিট বরাদ্দ রাখা হয়েছে। মিউচুয়াল ফান্ডটির স্পন্সর হচ্ছে মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিঃ, সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী হচ্ছে এ্যালায়েন্স ক্যাপিটাল এসেট ম্যানেজমেন্ট লিঃ এবং কাস্টডিয়ান হিসেবে আছে ব্রাক ব্যাংক লিঃ। উল্লেখ্য এমটিবি ইউনিট ফান্ড হচ্ছে বাংলাদেশে প্রথম বেমেয়াদী (Open-end) মিউচুয়াল ফান্ড যা কাগজে ইউনিটের পরিবর্তে ইলেকট্রনিক পদ্ধতি অর্থাৎ Demat Form এ লেনদেন হবে।

৩। এছাড়াও আজকের সভায় কমিশন যথাক্রমে মোনা ফুড ইন্ডাস্ট্রি লিঃ (ইস্যুরার), রোজ হ্যাভেন বল পেন লিঃ (ইস্যুরার) ও ফাহাদ ইন্ডাস্ট্রিজ লিঃ (ইস্যুরার) কে সেপ্টেম্বর ৩০, ২০১১ইং এ সমাপ্ত প্রথম কোয়ার্টার এর আর্থিক বিবরণী দাখিলে ব্যর্থতার জন্য প্রত্যেক পরিচালকের উপরে ১ লক্ষ টাকা হারে জরিমানা ধার্য করেছে।

মোঃ সাইফুর রহমান

নির্বাহী পরিচালক ও মুখপাত্র